কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

হিসাব পরিপত্র নং- ০১/২০২০

**তারিখ** :০১ জানুয়ারি **২০২০**

**বিষয় : "বঙ্গবন্ধু যুব ঋণ " কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ-আদায়, সুদ চার্জসহ অন্যান্য হিসাব পদ্ধতি সংক্রান্ত।**

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান –এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে এ দেশের বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবদের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের নিমিত্ত **"বঙ্গবন্ধু যুব ঋণ নীতিমালা"** ঋণ ও অগ্রিম বিভাগ হতে অপারেশন পরিপত্র নম্বর-০১/২০২০ তারিখ: ০৬ জানুয়ারি ২০২০ এর মাধ্যমে জারী করা হয়েছে। উল্লেখিত **"বঙ্গবন্ধু যুব ঋণ"** কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ, বিতরণকৃত ঋণ আদায়, সুদ চার্জসহ অন্যান্য সকল হিসাব পদ্ধতির জন্য পৃথক পৃথক হিসাব খাত সংরক্ষণ করা প্রয়োজন। এ কারণে উল্লেখিত বিষয়ে নিম্নরূপ হিসাব খাত ও হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে :

**(ক) 'বঙ্গবন্ধু যুব ঋণ'-কর্মসূচীতে বিতরণকৃত ঋণের হিসাবায়ন পদ্ধতি :** শাখার মাধ্যমে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ করতে হবে। বিতরণকৃত ঋণ পৃথকভাবে হিসাবায়ন করতে হবে যা মূল খাত-"১০০০০০- ঋণ ও অগ্রিম" এর খাত-"১০১৫০০- ঋণ ও অগ্রিম (বঙ্গবন্ধু যুব ঋণ) এর উপ-খাত-"১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ)"- এ হিসাবভুক্ত করতে হবে । এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | ০৮০২০২ - এসএনডি হিসাব |

**(খ) 'বঙ্গবন্ধু যুব ঋণ'-কর্মসূচীতে বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ন খাতে স্থানান্তরের হিসাবায়ন পদ্ধতি :** এ কর্মসূচীর বিপরীতে বিতরণকৃত কোন ঋণ নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে নির্দিষ্ট মেয়াদের মধ্যে আদায় করা সম্ভব না হলে সে সমস্ত ঋণসমূহকে মেয়াদোত্তীর্ন ঋণ খাতে স্থানান্তর করতে হবে । এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৫০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) |

**(গ) 'বঙ্গবন্ধু যুব ঋণ'-কর্মসূচীতে বিতরণকৃত ঋণ আদায়ের হিসাবায়ন পদ্ধতি :** শাখার মাধ্যমে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ যথানিয়মে আদায় করতে হবে। আদায়কৃত ঋণ হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৮০২০২- এসএনডি হিসাব | ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) |
| | ১০১৫০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) |

**(ঘ) 'বঙ্গবন্ধু যুব ঋণ'-কর্মসূচীতে বিতরণকৃত ঋণের উপর সুদ ধার্যের হিসাবায়ন পদ্ধতি:** ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নং-০৩/২০১৮ অনুসরণপূর্বক শাখার মাধ্যমে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের উপর সুদ ধার্য করতে হবে। অশ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ শাখার আয় খাতে এবং শ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ শাখার স্থগিত সুদ খাতে অন্তর্ভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

**(অ) অশ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | ০৪০২৩০- বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী হতে আয় |
| ১০১৫০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

ক্রমশ: পৃষ্ঠা নং ০২

(আ) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | ০৫০১০৯- বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর স্থগিত সুদ |
| ১০১৫০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

(ঙ) **'বঙ্গবন্ধু যুব ঋণ'-কর্মসূচীতে শ্রেনীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আদায়ের হিসাবায়ন পদ্ধতি :** বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় স্থগিত সুদ খাতে অন্তর্ভুক্ত সুদ আদায় হলে তা শাখার আয় খাতে স্থানান্তর করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

হিসাব পদ্ধতি

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৫০১০৯- বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর স্থগিত সুদ | ০৪০২৩০- বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী হতে আয় |

০২। বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ, বিতরণকৃত ঋণ আদায়, সুদ চার্জসহ অন্যান্য সকল হিসাব পদ্ধতির সঠিকভাবে হিসাবায়নের জন্য উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে। এছাড়াও অত্র পরিপত্রে বর্ণিত সংশ্লিষ্ট খাত/উপ-খাতসমূহ হিসাব কোড তালিকায় (সাধারণ খতিয়ান/সহায়ক খতিয়ানসহ প্রযোজ্য সকল খতিয়ান/বৈষয়িক বিবরণী/এনবিডিসি) সন্নিবেশ এবং যথাযথভাবে তথ্য উপস্থাপনের জন্য হিসাব পদ্ধতি অনুরূপ **'রেকর্ড রেজিষ্টার'** সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া গেল। উক্ত পরিপত্রের কোন বিষয়ে কোন প্রকার ব্যাখ্যা/অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে নিশ্চিত হবার লক্ষ্যে অত্র বিভাগের পরামর্শ গ্রহণ করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০১/০১/২০২০
(মোঃ আওরঙ্গজেব)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-৫৩.১৭.০০০০.১২০.২২.০০৮.১৯-১৫২৮(৮০৬) তারিখ : ০১জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইট এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
৮। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
৯। অফিস নথি।

০১.০১.২০২০
(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক